

# কিছু আলো কিছু আঁধার

মানবেন্দ্র রায়

জীবনের সমস্ত পথটাই আলোকিত হবে  
এমনটা ভাবার যুক্তিসঙ্গত কারণ নেই।

আলো - আধারির পথ বেয়েই সকলকে  
এগোতে হয়, পৌঁছোতে হয় পরম লগ্নে

সুদীর্ঘ আলোকিত পথ পেরিয়ে এসেও  
অনেকেই ডুবে যায় অতল অন্ধকারে।

আবার, অন্ধকারের পথ বেয়েই বহু মানুষ  
পৌঁছে যেতে পারে উজ্জ্বল আলোর বৃত্তে।

আলো আঁধারির কোন অনুপাত জীবনে সিদ্ধ  
তার আগাম হিসেবে কষার কোন গণিত নেই।

তবে, এটা স্বতসিদ্ধ শুধু আলো বা শুধু আঁধারে  
কোন ছবি হয় না— আঁকা যায় না কোন জীবনচরিতও।।